



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-বিবিধ/৮৩১(ক)

তারিখ: ০৪/০৯/২০১৬

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি, বিষয় ও গ্রুপ পরিবর্তন, ১ম বর্ষ ছাড়পত্রের অনুমতি এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি আগামী ০৫/০৯/২০১৬ থেকে ২০/০৯/২০১৬ তারিখের মধ্যে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, কলেজে বরাদ্দকৃত আসনের অতিরিক্ত শিক্ষার্থীর ফি প্রেরণ করা যাবে না। বরাদ্দকৃত আসনের অতিরিক্ত ভর্তিকৃত শিক্ষার্থীর নিবন্ধন করা হবে না।

১। বোর্ডে প্রেরিতব্য রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপঃ

ক. শিক্ষার্থী প্রতি ফি;

ক্রমিক	বিবরণ	পরিমাণ (টাকা)
১.	রেজিস্ট্রেশন ফি	১২০/-
২.	ক্রীড়া ফি	৩০/-
৩.	রোভার /রেঞ্জার ফি	১৫/-
৪.	রোড ট্রান্সেস্ট ফি (শিক্ষার্থীর নিকট থেকে আদায়কৃত ২০/- টাকার মধ্যে থেকে ১২/- টাকা কলেজে জমা থাকবে এবং ৮/- টাকা বোর্ডে প্রেরণ করতে হবে)	৮/-
৫.	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭/-
৬.	বি.এন.সি.সি. ফি	৫/-
	মোট	১৮৫/-

খ. যেসব শিক্ষার্থীর পাঠ বিরতি আছে অথবা বিলম্ব ফিসহ ভর্তি হয়েছে তাদের ক্ষেত্রে উপরোক্ত ফি এর সাথে নিম্নলিখিত ফি যুক্ত হবে;

ক্রমিক	বিবরণ	পরিমাণ(টাকা)
১.	পাঠ বিরতি ফি	১০০/-
২.	বিলম্ব ভর্তি ফি (১০/০৭/২০১৬ তারিখ থেকে ২৩/০৮/২০১৬ তারিখ পর্যন্ত ভর্তিকৃত)	৫০/-

গ. প্রতি শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি ২০০/- (দুইশত) টাকা।

উদাহরণঃ ধরা যাক, একটি শিক্ষা প্রতিষ্ঠানে ১০০ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। এদের মধ্যে বিলম্ব ফিসহ ভর্তি হয়েছে ২০ জন এবং পাঠ বিরতি আছে ১০ জন শিক্ষার্থী। তাহলে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের বোর্ডে ফি জমাদানের হিসাব নিম্নরূপ হবে;

১০০ জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি	১৮৫ টাকা × ১০০ জন = ১৮,৫০০ টাকা
২০ জন শিক্ষার্থীর বিলম্ব ভর্তি ফি	৫০ টাকা × ২০ জন = ১,০০০ টাকা
১০ জন শিক্ষার্থীর পাঠ বিরতি ফি	১০০ টাকা × ১০ জন = ১,০০০ টাকা
প্রতি শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি	২০০ টাকা
সর্বমোট=	২০,৭০০ টাকা

উক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে ২০,৭০০ টাকা সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।

(Signature)

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

